দৈনিক সংবাদ

তারিখ ... 18 AUG 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ২

22

# চাঁদপুরে আট মাসে ব্র্যাকের ১৫টি বিদ্যালয়ে অগ্নিসংযোগ ও হামলা

।। শাহ মোহাম্মদ মাকসুদ ।।

চাঁদপুর, ১৭ই আগস্ট।– জেলার মতলব ও সদর থানায় সাহায্যসংস্থা ব্র্যাকের দুটি উপ-আনুষ্ঠানিক শিক্ষা প্রতিষ্ঠান পুড়িয়ে দেয়া হয়েছে। মৌলবাদীরা আরো একটি বিদ্যালয়ে বাচ্চাদের যেতে বাধা দিচ্ছে। ওই বিদ্যালয়টিও যেকোন সময় পুড়িয়ে দিতে বা ক্ষতিসাধন করতে পারে। গত ডিসেম্বর থেকে ১০ই আগস্ট পর্যন্ত– এ ৮ মাস ১০ দিনে চাঁদপুর জেলায় অবস্থিত ব্র্যাকের মোট ১৫টি উপ-আনুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর অধীনে প্রতিষ্ঠিত বিদ্যালয়ে অগ্নিসংযোগ ও হামলা চালানো হল।

মাঝখানে কিছুদিন মৌলবাদীরা চুপচাপ থাকার পর গত মে মাস থেকে আবার তারা বিতর্কিত লেখিকা তসলিমা নাসরিনের একটি বিদেশী পত্রিকায় প্রকাশিত সাক্ষাৎকারকে কেন্দ্র করে চাঁদপুর জেলায়ও এনজিওবিরোধী তৎপরতায় মেতে উঠে। প্রায় প্রতিদিনই তারা ব্র্যাকসহ বিভিন্ন এনজিওবিরোধী শ্লোগান দিয়ে মিছিল বের করতে শুরু করে। তাদের এই তৎপরতার মুখে ব্র্যাকের বিদ্যালয়গুলোতে দ্রুত ছাত্রসংখ্যা হ্রাস পেতে থাকে। বিশেষ করে সদর থানার দক্ষিণ-পূর্বাঞ্চল, ফরিদগঞ্জ থানায় ও হাজীগঞ্জের কোন কোন স্থানে ৪০ থেকে ৫০ ভাগ ছাত্র-ছাত্রীও হ্রাস পেয়েছে। সর্বশেষ গত ১০ই আগস্ট সদর থানার চান্দ্রা ইউনিয়নের মদনা গ্রামে এবং গত ৬ই আগস্ট রাতে মতলব থানার মাঝিগাছা গ্রামের আরেকটি ব্র্যাক পরিচালিত বিদ্যালয়ে অগ্নি সংযোগ করা হয়েছে। এছাড়া সদর থানার চাপিলা গ্রামের শাহজাহান আলীর বাড়ির সম্মুখে অবস্থিত আরো একটি বিদ্যালয়ে হামলা চালানোর বেশ ক'বার চেষ্টা চালানো হয়েছে। ওই বিদ্যালয়ে শিক্ষার্থীদের যেতেও বাধা দেয়া হচ্ছে। এ পর্যন্ত ব্র্যাকের যেকটি বিদ্যালয়ে হামলা ও অগ্নিসংযোগ করা হল সেগুলো হচ্ছে সদর থানায় ৮টি, মতলবে ৩টি, ফরিদগঞ্জে ১টি ও শাহরাস্তিতে ৩টি।